



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

নবাব সিরাজ-উদ্-দৌলা সরকারি কলেজ, নাটোর

ফোনঃ ০২৫৮৮৮৭১৬১৬ (অ), Web: www.nsc.edu.bd, ই-মেইলঃ ns_college_natore@yahoo.com

স্মারক নম্বরঃ ২২৯৬৩/২৪


তারিখঃ ২৭/০৮/২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

নবাব সিরাজ-উদ্-দৌলা সরকারি কলেজের ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর জানানো যাচ্ছে যে, যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/ ইংলিশ মিডিয়াম/ বিদেশ থেকে এস.এস.সি/ সমমান এবং জেএসসি/ সমমান পরীক্ষার প্রবেশপত্র, নম্বরপত্র/ একাডেমিক ট্রান্সক্রিপ্ট, এবং বিদেশী ডিগ্রীর জন্য সমতুল্য প্রত্যয়নপত্র, এইচ.এস-সি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি (২ সেট) আগামী ২৮/০৮/২০২৪ তারিখ বুধবার দুপুর ২.০০ ঘটিকার মধ্যে পরীক্ষা কন্ট্রোল রুমে (কক্ষ নং- ১১১) জমা দেয়ার জন্য বলা হল।

উক্ত কাগজপত্র তাদের এইচ.এস.সি ফলাফল প্রকাশের জন্য বোর্ডে প্রেরণ করতে হবে।

বিষয়টি অতিব জরুরী।



(প্রফেসর মোঃ জাহিরুল ইসলাম-৫৬১৯)

অধ্যক্ষ

নবাব সিরাজ-উদ্-দৌলা সরকারি কলেজ, নাটোর।

প্রফেসর মোঃ জাহিরুল ইসলাম (৫৬১৯)

অধ্যক্ষ

নবাব সিরাজ-উদ্-দৌলা সরকারি কলেজ, নাটোর।



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বরঃ রাশিবো/উমা/১-১০(৪র্থ খন্ড)/পনি-২৪১

তারিখ : ২৫/০৮/২০২৪

বিষয় : ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশের জন্য তথ্য সরবরাহ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফল সঠিক ও ত্রুটিমুক্তভাবে প্রকাশের নিমিত্তে যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড/উনুজ বিশ্ববিদ্যালয়/ইংলিশ মিডিয়াম/বিদেশ থেকে এসএসসি/সমমান এবং জেএসসি/সমমান পরীক্ষায় পাশ করেছে, তাদের প্রবেশপত্র, বিদেশের জন্য সমতুল্য প্রত্যয়নপত্র, নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি উপর লাল কালি দিয়ে এইচএসসি- ২০২৪ সালের রোল নম্বর লিখে আগামী ২৯/০৮/২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিশেষ করে যে সকল পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের প্রথম দুই সংখ্যা ৯০/৯৯/৯৮/২১ আছে তাদের তথ্য যেন কোনভাবেই বাদ না পড়ে। বিষয়টি অতীব জরুরী।

(প্রফেসর মোঃ আরিফুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক :

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর আওতাধীন ২০২৪

সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার সকল কেন্দ্র

স্মারক নম্বরঃ রাশিবো/উমা/১-১০(৪র্থ খন্ড)/পনি-২৪১(২০০) তারিখ : ২৫/০৮/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

১. জেলা প্রশাসক রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
২. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার
৩. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৪. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলার মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
৫. অধ্যক্ষ, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক স্তরের সকল কলেজ/স্কুল এন্ড কলেজ। তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদেরকে ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা গ্রহণের জন্য যে কেন্দ্রে অন্তর্ভুক্ত করা হয়েছে- সে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষের সাথে যোগাযোগ করে তাঁর পরীক্ষার্থীদের তথ্য সরবরাহ করার জন্য অনুরোধ জানানো হলো।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৭. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৮. অফিস নথি

মোছা. সেলিনা পারভীন

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(উমা)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী